

স্মারক নং: ০৫.৪৩.৭০৮৮.০০০.০০৯.০৩.২১. ০৬-২৬

তারিখ: ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: শিবগঞ্জ উপজেলাধীন নবনির্বাচিত ঘোষিত ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যগণের শপথ গ্রহণ

সূত্র: বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, জনসংযোগ শাখার ২৭.১২.২০২১ তারিখের ১৭.০০.৭০৮৮.০৩৫.৪৬.১৬৬.২১.২৮১ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিবগঞ্জ উপজেলাধীন নবনির্বাচিত ঘোষিত ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যগণের আগামী ০৩.০১.২০২২ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে (নতুন) শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যগণের শপথ বাক্য পাঠ করাবেন জনাব মো: সাকিব-আল-রাব্বি, উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। কোভিড-১৯ পরিস্থিতির কারণে শপথ গ্রহণ অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণে শুধুমাত্র নবনির্বাচিত সদস্য/সদস্যগণকে শপথ গ্রহণ অনুষ্ঠানে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২। শপথ গ্রহণ অনুষ্ঠানের পূর্বেই নবনির্বাচিত ইউপি সদস্য/সদস্যগণকে তার পরিবারের কোন সদস্যের স্বত্ব, দখল বা স্বার্থ আছে এই প্রকারের যাবতীয় ছাবর ও অছাবর সম্পত্তির একটি লিখিত বিবরণী হলফনামা ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করতে হবে।

সংযুক্তি: গেজেট কপি

(মোঃ সাকিব-আল-রাব্বি)
উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
ফোন নম্বর: ০২৫৮৮৮৯৫৫০৭ (অঃ)
E-mail: unoshibganjchapainawabganj@mopa.gov.bd

১। চেয়ারম্যান

০২ নম্বর শাহাবাজপুর/০৩ নম্বর দাইপুখুরিয়া/০৪ নম্বর মোবারকপুর/
০৫ নম্বর চককীর্তি/০৭ নম্বর শ্যামপুর/০৮ নম্বর বিনোদপুর/১০ নম্বর মনাকষা/
১১ নম্বর উজিরপুর/১২ নম্বর পাকা/১৩ নম্বর ঘোড়াপাখিয়া/১৪ নম্বর ধাইনগর/
১৫ নম্বর নয়লাভাঙ্গা/১৬ নম্বর ছত্রাজিতপুর ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
তাকে তার ইউনিয়নের নবনির্বাচিত সদস্য/সদস্যগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। ইউনিয়ন পরিষদ সচিব

০২ নম্বর শাহাবাজপুর/০৩ নম্বর দাইপুখুরিয়া/০৪ নম্বর মোবারকপুর/
০৫ নম্বর চককীর্তি/০৭ নম্বর শ্যামপুর/০৮ নম্বর বিনোদপুর/১০ নম্বর মনাকষা/
১১ নম্বর উজিরপুর/১২ নম্বর পাকা/১৩ নম্বর ঘোড়াপাখিয়া/১৪ নম্বর ধাইনগর/
১৫ নম্বর নয়লাভাঙ্গা/১৬ নম্বর ছত্রাজিতপুর ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
তাকে তার ইউনিয়নের নবনির্বাচিত সদস্য/সদস্যগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ